



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৪৭৭

তারিখ: ১৯/১২/২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক ১ম মেধা তালিকা ২৩ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no. টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট অথবা স্নাতক (সম্মান) শ্রেণিতে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।	২৩/১২/২০২১ থেকে ০৩/০১/২০২২
২)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ:	২৬/১২/২০২১ থেকে ০৪/০১/২০২২
৩)	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।	২৬/১২/২০২১ থেকে ০৬/০১/২০২২
৪)	সংশ্লিষ্ট কলেজকে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Degp.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৯/০১/২০২২ থেকে ১৩/০১/২০২২

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

১৯.১২.২০২১

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯২৯১০৬৮

ই-মেইল- deanug@nubd.info

তারিখ: ১৯/১২/২০২১

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৪৭৭

অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হোসেন)

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪